গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৪২/২০১৯-২০২০
ঢাকা, ২৬ আগস্ট সোমবার ২০১৯, ১১ ভাদ্র ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিদেশে শ্রম দিতে গিয়ে কেউ যেন প্রতারিত না হয় : প্রধানমন্ত্রী

২। বঙ্গবন্ধু থেকে শিক্ষা নিয়ে সোনার বাংলা গড়তে হবে : স্পিকার

৩। অভিজ্ঞতা কাজে লাগিয়ে আগামীতে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী

৪। এডিস মশা নির্মূলে সহযোগিতা না পেলে ব্যবস্থা : ডিএনসিসি মেয়র

৫। সব বিভাগীয় শহরে ক্যান্সার ও কিডনি হাসপাতাল গড়ে তোলা হবে : স্বাস্থ্যমন্ত্রী

৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে অসহযোগিতার অভিযোগ ভিত্তিহীন : ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি

৭। মার্কিন পররাষ্ট্র দপ্তরের বিবৃতি : রোহিঙ্গাদের নিরাপদে ফেরাতে কাজ করছে যুক্তরাষ্ট্র

৮। মিয়ানমার সেনাপ্রধানের সাথে সাক্ষাতে চীনা রাষ্ট্রদূত : রোহিঙ্গা ইস্যুতে নাইপিদোর পাশে থাকবে বেইজিং

৯। দেশের মানুষ জঙ্গিবাদ প্রশ্রয় দেয় না : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। রাষ্ট্রায়ত্ত ব্যাংকে আর পুনঃঅর্থায়ন নয় : অর্থমন্ত্রী

১১। রাজাকারের তালিকা দ্রুত তৈরি হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সিদ্ধান্ত

চলমান পাতা-২

১। বিদেশে শ্রম দিতে গিয়ে কেউ যেন প্রতারিত না হয় : প্রধানমন্ত্রী

বিদেশে যাওয়ার সময় সাধারণ জনগণ যেন প্রতারিত না হয়, সেজন্য নজরদারি জোরদারের পাশাপাশি ব্যাপক জনসচেতনতামূলক প্রচারণা চালানোর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশ দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের বাইরে কাজ করতে গিয়ে মানুষ যেন প্রতারিত না হয়, ধোঁকাবাজিতে না পড়ে, সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। আমাদের নাগরিকেরা যে দেশেই যাক, যে কাজেই যাক, আমাদের নজরদারি বাড়ানো দরকার। প্রবাসী শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করতে চায় সরকার। কেননা তারা আমাদের অর্থনীতিকে সমৃদ্ধ করে তুলতে রেমিট্যান্স পাঠানোর মাধ্যমে ব্যাপক ভূমিকা রাখছে। গতকাল (২৫ আগস্ট রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬-এর আলোকে গঠিত অভিবাসনবিষয়ক জাতীয় স্টিয়ারিং কমিটির প্রথমসভায় সূচনা বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৭), **এশিয়ান এজ (শেষ** পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

২। বঙ্গবন্ধু থেকে শিক্ষা নিয়ে সোনার বাংলা গড়তে হবে : স্পিকার

বঙ্গবন্ধু থেকে শিক্ষা নিয়ে ও তাঁর আদর্শকে আঁকড়ে ধরেই সোনার বাংলা গড়ার দিকে এগিয়ে যেতে হবে বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২৫ আগস্ট রোববার) রাজধানীর জাতীয় জাদুঘরের প্রধান মিলনায়তনে আয়োজিত ‘বঙ্গবন্ধু ও বাংলাদেশ' শীর্ষক আলোচনাসভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে স্পিকার আরো বলেন, বঙ্গবন্ধুর ‘অসমাপ্ত আত্মজীবনী’একটি বিরল প্রকাশনা। এটি শুধু তাঁর অসমাপ্ত আত্মজীবনীই নয়, বাংলাদেশের ইতিহাস ও স্বাধীনতার সাক্ষীও। এমন একটি গ্রন্থের সংকলন বের করার জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ। এর আরও কয়েকটি খণ্ড যোগ হলে বাংলাদেশের ইতিহাস, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সম্পর্কে আমরা আরও অনেক কিছুই জানতে পারব। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৮)।

৩। অভিজ্ঞতা কাজে লাগিয়ে আগামীতে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হবে : স্থানীয় সরকার মন্ত্রী

বর্তমানের অভিজ্ঞতাকে সর্বোচ্চ পর্যায়ে কাজে লাগিয়ে সমন্বিত প্রচেষ্টায় আগামীতে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। গতকাল (২৫ আগস্ট রোববার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সম্মেলনকক্ষে ১৭ জেলার জেলা পরিষদের ২০ নবনির্বাচিত সদস্যের শপথগ্রহণ অনুষ্ঠানে এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, আগামীতে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে মাস্টার প্ল্যান তৈরির জন্য সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দেয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে (শেষ** পৃ,ক.১)।

৪। এডিস মশা নির্মূলে সহযোগিতা না পেলে ব্যবস্থা : ডিএনসিসি মেয়র

এডিস মশা নির্মূলে সহযোগিতা না করলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) মেয়র আতিকুল ইসলাম। তিনি বলেছেন, চিরুনি অভিযান চলাকালে অনেক বাড়িতে ডিএনসিসির পরিচ্ছন্নতাকর্মীদের ঢুকতে দেওয়া হচ্ছে না। অনেকে সময়ক্ষেপণ করেন। এতে অভিযান পরিচালনায় ব্যাঘাত ঘটছে। অনেকে লিফট বন্ধ করে দেয়। ছাদের দরজায় তালা মেরে রাখে। গতকাল (২৫ আগস্ট রোববার) রাজধানীর গুলশান-২ ডিএনসিসি মার্কেট প্রাঙ্গণে সম্প্রীতি বাংলাদেশ আয়োজিত ‘ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা কার্যক্রম’ উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

৫। সব বিভাগীয় শহরে ক্যান্সার ও কিডনি হাসপাতাল গড়ে তোলা হবে : স্বাস্থ্যমন্ত্রী

সরকার দেশের প্রতিটি বিভাগীয় শহরে ক্যান্সার ও কিডনি হাসপাতাল গড়ে তোলার উদ্যোগ নিয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, দেশে ক্যান্সার ও কিডনিরোগে আক্রান্তের সংখ্যা বেড়েছে। এ দু’টি রোগের চিকিৎসা খুবই ব্যয়বহুল। দরিদ্র রোগীর পক্ষে বেসরকারি হাসপাতালের ব্যয়বহুল চিকিৎসা গ্রহণ করা সম্ভব হয়ে উঠে না। সাধারণ মানুষের একমাত্র ভরসা সরকারি হাসপাতাল। গতকাল (২৫ আগস্ট রোববার) রাজধানীর তেজগাঁওস্থ ন্যাশনাল ইনস্টিটিউট অভ্ ইএনটি’তে নতুন সিটি স্ক্যান ও এমআরআই মেশিন স্থাপনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮)।

**৬।	রোহিঙ্গা প্রত্যাবাসনে অসহযোগিতার অভিযোগ ভিত্তিহীন : ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতি**

রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে অসহযোগিতার অভিযোগ ভিত্তিহীন বলে জানিয়েছে বাংলাদেশ। রোহিঙ্গাদের ফেরত পাঠাতে বাংলাদেশ সব সময় প্রস্তুত। গতকাল (২৫ আগস্ট রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয় থেকে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৭)।

**৭।	মার্কিন পররাষ্ট্র দপ্তরের বিবৃতি : রোহিঙ্গাদের নিরাপদে ফেরাতে কাজ করছে যুক্তরাষ্ট্র**

রোহিঙ্গাদের স্বেচ্ছায়, নিরাপদ, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনের লক্ষ্যে মিয়ানমারকে শর্তপূরণে উৎসাহিত করতে আন্তর্জাতিক সংস্থার সঙ্গে কাজ করে চলেছে যুক্তরাষ্ট্র। গতকাল (২৫ আগস্ট রোববার) যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর থেকে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৬)।

**৮।	মিয়ানমার সেনাপ্রধানের সাথে সাক্ষাতে চীনা রাষ্ট্রদূত : রোহিঙ্গা ইস্যুতে নাইপিদোর পাশে থাকবে বেইজিং**

রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারকে সব ধরনের আন্তর্জাতিক চাপ মোকাবিলায় সাহায্য করবে চীন। গত ২২আগস্ট বৃহস্পতিবার মিয়ানমারের রাজধানী নাইপিদোতে মিয়ানমারের সেনাপ্রধান মিন অং হলাইংয়ের সঙ্গে এক বৈঠকে এ কথা জানান দেশটিতে চীনা রাষ্ট্রদূত চেন হাই। চীনা রাষ্ট্রদূত বলেন, রাখাইনে রোহিঙ্গা ও মানবাধিকার লঙ্ঘন নিয়ে মিয়ানমারের ওপর যে আন্তর্জাতিক চাপ দেয়া হচ্ছে তা মেনে নেবে না বেইজিং। মিয়ানমারের বার্তা সংস্থা ‘দ্য ইরাবতি’ দেশটির সেনাবাহিনীর ওয়েবসাইটের উদ্বৃতি দিয়ে এ সংবাদ প্রকাশ করেছে। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১)।

**৯।	দেশের মানুষ জঙ্গিবাদ প্রশ্রয় দেয় না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত দেশ হিসেবে পরিচিত। এ পরিচিতি ধরে রাখতে হলে প্রয়োজন মানুষের নিরাপত্তা। আমরা প্রধানমন্ত্রীর দিকনির্দেশনায় নিরাপত্তার কাজটি করছি। পুলিশ বাহিনীকে আধুনিক বাহিনী হিসেবে সজ্জিত করছি। বঙ্গবন্ধু স্বপ্ন দেখতেন পুলিশ জনগণের বন্ধু হবে, জনগণের জন্য পুলিশ কাজ করবে। আমরা বঙ্গবন্ধুর সে স্বপ্নকে বাস্তবায়নের চেষ্টা করছি। গতকাল (২৫ আগস্ট রোববার) ঢাকার নবাবগঞ্জ সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় ও কলেজ মাঠে কমিউনিটি পুলিশিং সেল নবাবগঞ্জ থানা কর্তৃক আয়োজিত জঙ্গি ও মাদকবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, বাংলাদেশের মানুষ কোনোদিনই জঙ্গিবাদকে প্রশ্রয় দেয় না। মাদকের ব্যাপারে সরকারের জিরো টলারেন্স নীতি। আমাদের সমাজ, আমাদের ধর্ম মাদককে প্রশ্রয় দেয় না। সন্ত্রাস, জঙ্গি ও মাদক সমাজ থেকে নির্মূল করে আমরা ২০৪১ সালের মধ্যে নতুন প্রজন্মের কাছে একটি শান্তিময় বাংলাদেশ উপহার দিয়ে যেতে চাই। একটি সুন্দর সম্ভাবনাময় বাংলাদেশ গড়তে আমাদের পুলিশ বাহিনী অক্লান্তভাবে কাজ করে চলেছে। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮)।

**১০।	রাষ্ট্রায়ত্ত ব্যাংককে আর পুনঃঅর্থায়ন নয় : অর্থমন্ত্রী**

রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোকে সরকারের পক্ষ থেকে আর পুনঃঅর্থায়ন করা হবে না বলে উল্লেখ করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। এ ব্যাংকগুলোকে নিজের পায়ে দাঁড়াতে কর্মপরিকল্পনা তৈরির নির্দেশনা দিয়েছেন তিনি। গতকাল (২৫ আগস্ট রোববার) রাজধানীর শেরেবাংলানগরে ইআরডি সম্মেলনকক্ষে রাষ্ট্রায়ত্ত সোনালী, জনতা, অগ্রণী ও রূপালী ব্যাংকের উচ্চপর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৮), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ.১,ক.২)।

**১১।	রাজাকারের তালিকা দ্রুত তৈরি হবে : মুক্তিযুদ্ধ বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটিতে তথ্য প্রকাশ**

রাজাকারের তালিকা প্রস্তুত করতে জেলা প্রশাসকদের চিঠি দেয়া হয়েছে। অতিদ্রুতই এ তালিকা প্রস্তুত করা সম্ভব হবে বলে জানিয়েছে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল (২৫ আগস্ট রোববার) সংসদ ভবনে অনুষ্ঠিত এক সভায় এসব কথা জানানো হয়। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** শহর অভিমুখী জনসংখ্যার চাপ কমাতে গ্রামাঞ্চলের উন্নয়নে জোর দেওয়ার সুপারিশ।

খ. **যায়যায়দিন :** একদিনে দেশের বিভিন্নস্থানে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে ১৬ জন উল্লেখ করে সড়কে মৃত্যুর মিছিল থামাতে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **ভোরের কাগজ :** মোবাইল টাওয়ারের রেডিয়েশনের ক্ষতিকর দিক বিবেচনায় নিয়ে জনবসতিপূর্ণ এলাকা থেকে এগুলো দ্রুত অপসারণের দাবি।

ঘ. **সমকাল :** বাল্যবিয়েরোধে সরকারের নানা পদক্ষেপ সত্ত্বেও তা একেবারে ঠেকানো যাচ্ছে না উল্লেখ করে প্রশাসনের সক্রিয়তা, অভিভাবকের সদিচ্ছা ও সামাজিক সচেতনতাই পারে বাল্যবিবাহমুক্ত দেশ গড়তে বলে মতপ্রকাশ।

ঙ. **সংবাদ :** রোহিঙ্গা সন্ত্রাসীরা টেকনাফে যুবলীগের এক নেতাকে নির্মমভাবে হত্যা করেছে উল্লেখ করে যেসব রোহিঙ্গা শরণার্থী আইনশৃখলা পরিস্থিতির জন্য হুমকি তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **নিউজ টুডে :** সম্ভাবনাময় পাটশিল্পের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **' স্বাস্থ্যখাতের দিকে নজর বাড়াতে হবে '** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সময়সীমার মধ্যে টেকসই উন্নয়ন অর্জন করতে স্বাস্থ্যখাতে বরাদ্দের পরিমাণ বাড়াতে হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা